



কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগ

Email- pmthrd@kb.gov.bd



সার্কুলার লেটার নম্বর- ০২/২০২০

সকল শাখা ব্যবস্থাপক
কর্মসংস্থান ব্যাংক।

মি. মোহাম্মদ জাকির হোসেন
২৪/০৩/২০২০

তারিখ: ২৪ মার্চ, ২০২০

বিষয় : মার্চ/২০২০ মাসের বেতন-ভাতা, মজুরী/পারিতোষিক ২৫ মার্চ তারিখে প্রদান।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগের ২৩ মার্চ ২০২০ তারিখের পত্র সূত্র নম্বর- ০৪.০০.০০০০.৫২২.১৬.০১১.২০.৫৪ এর মাধ্যমে প্রাপ্ত করোনা ভাইরাস মোকাবেলা সংক্রান্ত প্রেস ব্রিফিং এ দেশে করোনা ভাইরাসের বিস্তৃতি এবং তা মোকাবেলায় আগামী ২৬ মার্চের সরকারি ছুটি এবং ২৭-২৮ মার্চের সাপ্তাহিক ছুটির সাথে ২৯ মার্চ হতে ০২ এপ্রিল ২০২০ পর্যন্ত সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে এবং ০৩ ও ০৪ এপ্রিল ২০২০ সাপ্তাহিক ছুটির দিন এই বন্ধের সাথে সংযুক্ত থাকবে (ফটোকপি সংযুক্ত)।

০২। এ ব্যাংকের কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগের ২৪.০১.২০১৭ তারিখের সার্কুলার লেটার নং-কেবি/প্রকা/কেহি-২৮(১৮)/২০১৬-২০১৭/১৫০৯(২৭৫) এর মাধ্যমে ব্যাংকের প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল কার্যালয়ে নিয়মিত কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতা মাসের ২৫ তারিখের পর যেকোনো কর্মদিবসে এবং বার্ষিক ও অর্ধবার্ষিক হিসাব সমাপনের সময় অর্থাৎ জুন ও ডিসেম্বর মাসে ২০ তারিখে (২০ তারিখে সাপ্তাহিক/সরকারি ছুটি থাকলে পরবর্তী কর্মদিবসে) প্রদানের নির্দেশনা রয়েছে। এছাড়াও আউটসোর্সিং এর মাধ্যমে আল-আরাফাত সার্ভিসেস (প্রাঃ) লিমিটেড কর্তৃক নিয়োজিত অস্থায়ী অফিস সহায়ক/নিরাপত্তা প্রহরী, খন্দকালীন ইমাম, ডাক্তার ও অস্থায়ী ভিত্তিতে খন্দকালীন পরিচ্ছন্ন কর্মীদের মজুরী/পারিতোষিক পরবর্তী মাসের ১ম কর্মদিবসে প্রদানের নির্দেশনা রয়েছে।

০৩। এমতাবস্থায়, ২৬ মার্চ, ২০২০ থেকে ০৪ এপ্রিল, ২০২০ পর্যন্ত ছুটি এবং করোনা ভাইরাস সংক্রান্ত পরিস্থিতি ও দ্রব্যমূল্যের উর্ধ্বগতির পরিপ্রেক্ষিতে পারিবারিক ব্যয় নির্বাহে আর্থিক বিষয় বিবেচনায় ব্যাংকের প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল শাখা/কার্যালয়ে কর্মরত নিয়মিত কর্মকর্তা/কর্মচারী, আউটসোর্সিং এর মাধ্যমে আল-আরাফাত সার্ভিসেস (প্রাঃ) লিমিটেড কর্তৃক নিয়োজিত অস্থায়ী অফিস সহায়ক/নিরাপত্তা প্রহরী, খন্দকালীন ইমাম, ডাক্তার ও অস্থায়ী ভিত্তিতে খন্দকালীন পরিচ্ছন্নকর্মীদের মার্চ/২০২০ মাসের মাসিক বেতন-ভাতা, মজুরী/পারিতোষিক ২৫ মার্চ তারিখে প্রদানের পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

সংযুক্তি : বর্ণনা মোতাবেক।

আপনার বিশ্বস্ত

২৪.০৩.২০২০
(মোহাম্মদ জাকির হোসেন)

সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

সূত্র নং- ৫৩.১৭.০০০০.১১০.০২.০০১.১৭-২৩৪০(৩০২)

তারিখ: ২৪ মার্চ, ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (ওয়েবসাইট থেকে সংগ্রহের অনুরোধসহ) :

১. স্টাফ অফিসার টু চেয়ারম্যান, পর্যদ সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
২. স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
৩. স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৪. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন ও নিরীক্ষা/পরিচালন ও হিসাব) মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৫. সকল উপমহাব্যবস্থাপক / সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
আইটি বিভাগের উপমহাব্যবস্থাপক মহোদয়কে সার্কুলার লেটারটি ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো;
৬. সকল উপমহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), বিভাগীয় কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক ;
৭. বোর্ড সচিব, পর্যদ সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
৮. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক ;
৯. সকল আঞ্চলিক ব্যবস্থাপক, আঞ্চলিক কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক ;
১০. অফিস নথি।

২৪.০৩.২০২০
(মোছা: জেবুন নাহার নাছরিন)

সিনিয়র প্রিন্সিপাল অফিসার

প্রধান কার্যালয়: কর্মসংস্থান ব্যাংক ভবন, ১, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।

ফোন: ০২-৪১০৫০৫৭৩

website : www.kb.gov.bd

“শুদ্ধাচার আর শিষ্টাচার, কর্মসংস্থান ব্যাংকের অঙ্গীকার”

“বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু”